

( 2 )

Ex./BANGLA/PG/4.56A/79/2017

৪. স্থিতি বিঘ্নিত করতে চায় 'বাইরের শত্রু', পুরনো 'ভিতরের লোক' রুখে দিচ্ছে সেই আক্রমণ, পুনরায় লাগু হচ্ছে স্থিতি। শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের বহু কিশোর উপন্যাসের এই হল সাধারণ ছক। উপযুক্ত উদাহরণসহ মন্তব্যটি বিচার করো। ১০

অথবা

৫. লীলা মজুমদার গল্পে/উপন্যাসে শিশুদের যে জগৎ উপস্থাপিত হয়, তার কোনো নির্দিষ্ট আদল তুমি টের পাও কি? কী কী বহুবিচিত্র সম্ভাবনাই সেখানে উল্লেখযোগ্য হয়ে ওঠে বলে তুমি মনে কর—বুঝিয়ে দাও। ১০

৬. সংক্ষিপ্ত পরিচয় দাও ২x৫

ক. 'মুকুল'

খ. 'সখা'

অথবা

৭. বিশ শতকে শিশু-কিশোর পত্রিকা হিসেবে 'রংমশাল' কি কোনো বিশেষ প্রবণতা তৈরি করতে পেরেছিল? আলোচনা করো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

বাংলা শিশু-কিশোর সাহিত্য

কোর্স পি. জি. - ৪.৫৬এ

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. বাংলা শিশু-কিশোর সাহিত্যে সামাজিক লিঙ্গরূপ চেতনার প্রকাশ কীভাবে ঘটেছে—তোমার পড়ার অভিজ্ঞতা থেকে এ বিষয়ে আলোচনা করো। ১০
২. রবীন্দ্রনাথের 'শিশু' যতটা শিশুদের নিয়ে, ততটা শিশুদের জন্য নয়—মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত জানাও। ১০

অথবা

৩. ঔপনিবেশিক মতাদর্শের আত্মীকরণের পাশাপাশি বাংলা কিশোর পাঠ্য অভিযান কাহিনিতে অনেক সময়েই দেখা যায় জাতীয়তাবাদী মনোভাব—বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কিশোর উপন্যাসের আলোচনা সূত্রে মন্তব্যটি বিচার করো। ১০

(Turn over)